পাকিস্তানে শক্তিশালী ভূমিকম্পে নিহত ১, আহত ১১



ছবি: সংগৃহীত

পাকিস্তানের পাঞ্জাব প্রদেশ ও রাজধানী ইসলামাবাদসহ বিস্তীর্ণ এলাকায় মাঝারি মাত্রার ভূমিকম্পে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। মঙ্গলবার (২৬ মে) সন্ধ্যায় আঘাত হানা ৪ দশমিক ৮ মাত্রার এ ভূমিকম্পে জেলাম জেলায় একটি বাড়ি ধসে ১৩ বছর বয়সী এক কিশোর নিহত হয়েছে। আহত হয়েছেন অন্তত ১১ জন।

স্থানীয় প্রশাসনের বরাতে জানা গেছে, জেলামের জালালপুর শরিফ এলাকায় ভূমিকম্পের তীব্র কম্পনে একটি বসতবাড়ির অংশ ধসে পড়ে। ধ্বংসস্তূপের নিচে চাপা পড়ে ঘটনাস্থলেই প্রাণ হারায় ওই কিশোর। আহতদের উদ্ধার করে দ্রুত স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ভূমিকম্পের পরপরই উদ্ধার তৎপরতা শুরু করে পুলিশ, উদ্ধারকারী বাহিনী ও প্রশাসনের কর্মকর্তারা। ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে এখনো পরিস্থিতি পর্যবেক্ষণ করা হচ্ছে এবং ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণের কাজ চলছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

পাকিস্তান আবহাওয়া অধিদপ্তর ও ন্যাশনাল সিসমিক মনিটরিং সেন্টারের তথ্য অনুযায়ী, মঙ্গলবার সন্ধ্যা ৭টা ৬ মিনিটে ভূমিকম্পটি রেকর্ড করা হয়। ভূপৃষ্ঠ থেকে প্রায় ১২ কিলোমিটার গভীরে এর উৎপত্তি এবং কেন্দ্র ছিল জেলাম শহরের দক্ষিণ-পশ্চিমে প্রায় ৫৮ কিলোমিটার দূরে।

ইসলামাবাদ ছাড়াও লাহোর, গুজরানওয়ালা, ওকারা, শেখুপুরা ও মান্দি বাহাউদ্দিনসহ পাঞ্জাবের বিভিন্ন অঞ্চলে কম্পন অনুভূত হয়। ভূমিকম্পের পর আতঙ্কিত মানুষ ঘরবাড়ি ছেড়ে খোলা স্থানে বেরিয়ে আসেন। স্থানীয় সংবাদমাধ্যম জানিয়েছে, পিন্ড দাদান খান ও আশপাশের এলাকাতেও একাধিক বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়েছে।